

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
ফ্যাক্স : ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল : office@ntrca.gov.bd



স্মারক নং- বেশিনিক/শি:শি:/তৃতীয় শিক্ষক নিয়োগ চক্র/১০৫৮/২০১৯/৬৬৫ তারিখ: ০৬ এপ্রিল, ২০২১।

“সতর্কীকরণ বিজ্ঞপ্তি”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সারা দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল, কলেজ, মাদরাসা, কারিগরি ও ব্যবসায় ব্যবস্থাপনা) মোট ৫৪,৩০৪ (চুয়ান্ন হাজার তিনশত চার) জন শিক্ষক নিয়োগের লক্ষ্যে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ হতে সম্প্রতি বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু সংখ্যক অসাধু ব্যক্তি/ব্যক্তিবর্গ/চক্র নিজেদের হীন স্বার্থসিদ্ধির জন্য এ কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের নাম ব্যবহার করে নিয়োগ প্রদানের নামে বিভিন্ন ব্যক্তির সাথে যোগাযোগ করছে এবং বিভিন্ন প্রতিষ্ঠানের শূন্য পদের সংখ্যা সংশোধনের জন্য প্রতিষ্ঠান প্রধানগণের সাথে যোগাযোগ করছে যা আইনত দন্ডনীয় অপরাধ। শূন্যপদ সংশোধনের নির্ধারিত সময়সীমা ১৪ মার্চ ২০২১ তারিখ সমাপ্ত হয়েছে। ফলে বর্তমানে শূন্যপদ সংশোধনের কোন সুযোগ নেই। প্রবেশ পর্যায়ে শিক্ষক নিয়োগের জন্য আবেদন অনলাইনে গ্রহণ করা হচ্ছে। প্রার্থী নির্বাচন, প্রার্থীর বিপরীতে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন এবং প্রার্থীদের নির্ধারিত শিক্ষা প্রতিষ্ঠানে পদায়নসহ সকল কার্যক্রম নির্ধারিত সফটওয়্যারের মাধ্যমে কম্পিউটার সিস্টেমে স্বয়ংক্রিয় পদ্ধতিতে সম্পাদন করা হবে। অসাধু ব্যক্তি/চক্রের পক্ষে কোন প্রার্থীর অনুকূলে কাজ করার কোন সুযোগ নেই। কোন ব্যক্তি/প্রতারকের মিথ্যা আশ্বাসে আর্থিক লেনদেন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৬/০৪/২০২১
(মো: আশরাফ উদ্দিন)

চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)

এনটিআরসিএ, ঢাকা।